

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৩৫.১৯-২৫৮/২

তারিখঃ ৩১ বৈশাখ ১৪২৬
১৪ মে ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-৪৭৭০/২০১৮ এর প্রেক্ষিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণসহ গৃহীত কার্যক্রম TMED কে অবহিতকরণ।

সূত্রঃ মহামান্য হাইকোর্ট বিভাগ হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৪৭৭০/২০১৮।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট মামলার বিবরণ নিম্নরূপ।

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্টস	মামলা দায়েরের কারণ বিষয়
৪৭৭০/২০১৮	মোহাম্মদ আলতাব হোসাইন, অধ্যক্ষ, হেটহার ধারকী অলিম মাদ্রাসা, জয়পুরহাট	১ সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ২ মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ৩ জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট ও ৪ সভাপতি হেটহার ধারকী অলিম মাদ্রাসা, জয়পুরহাটসহ মেট ০৪ (চার) জন	জয়পুরহাট জেলার সদর উপজলহীন হেটহার ধারকী অলিম মাদ্রাসার সাময়িকভাবে নিয়োগপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোঃ আনোয়ার হোসেন এর পরিবর্তে অধ্যক্ষ জনাব মোহাম্মদ আলতাব হোসেন এর নাম এমপিও শীটে অন্তর্ভুক্তির জন্য উক্ত প্রতিষ্ঠানের সভাপতি কর্তৃক গত ০৪.০২.১৮ খ্রি. তারিখে সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবর আবেদন করা হয়। উক্ত আবেদনটি নিষ্পত্তি না হওয়ায় পিটিশনার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৪৭৭০/২০১৮ মামলা দায়ের করা হয়।

০২. উল্লেখ্য, উক্ত রিট মামলাটি গত ০৯/০৪/২০১৮ খ্রি. তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক শুনানী গ্রহণ করে বর্ণিত প্রতিষ্ঠানের সভাপতি কর্তৃক গত ০৪.০২.১৮ খ্রি. তারিখের আবেদন মতে সাময়িকভাবে নিয়োগপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোঃ আনোয়ার হোসেন এর পরিবর্তে অধ্যক্ষ জনাব মোহাম্মদ আলতাব হোসেন এর নাম কেন এমপিও শীটে অন্তর্ভুক্ত করা হবে না সেমর্মে কারণ দর্শানোর জন্য রেসপনডেন্টগণের প্রতি নির্দেশন দেয়া হয়েছে। সে প্রেক্ষিতে বর্ণিত রিট মামলায় সরকার পক্ষে জবাব দাখিল করা আবশ্যিক।

০৩. সে মতে উক্ত রিট মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in opposition) দাখিল হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার সবশেষ অবস্থা কি? না হয়ে থাকলে জবাব (Affidavit in opposition) মহামান্য আদালতে দাখিলকালে অগামী ২০.০৫.১৯ খ্রি. এর মধ্যে এ বিভাগকে অবহিত করা অবশ্যিক।

০৪. এমতাবস্থায়, উপরি-উক্ত মতে রিট পিটিশন নং-৪৭৭০/২০১৮ মামলার বিষয়ে প্রয়োজনীয় আইননুগ্ন ব্যবস্থা গ্রহণক্রমে অগামী ২০.০৫.১৯ খ্রি. এর মধ্যে এ বিভাগকে অবহিতের (প্রমাণকসহ) জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

(মোঃ আঃ খালেক সিদ্দিকী)
সিনিয়র সহকারী সচিব (আইন)

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
বখাশীবাংজার, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি/মাস্টার কপি।